


## মাঠপর্যায়ের কার্যক্রমের ই-মনিটরিং রিপোর্ট

- ই-মনিটরিং এর তারিখ : ২৪/০৭/২০২২
- ই-মনিটরিং এ অংশগ্রহণকারী কর্মকর্তার নাম ও পদবী : মোহাম্মদ শহীদুল্লাহ, উপসচিব (উ: ১)।
- ই-মনিটরিং এ অংশগ্রহণকৃত অফিস/প্রকল্প/কর্মসূচি/কার্যক্রম : উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তার কার্যালয়, মহিলা বিষয়ক অধিদপ্তর, সোনাগাজী, ফেনী।
- ই-মনিটরিং এ অংশগ্রহণকৃত অফিস/প্রকল্প/কর্মসূচি/কার্যক্রম : নাগিস আক্তার, উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, সোনাগাজী, ফেনী।
- ই-মনিটরিং এ পরিদর্শনকৃত/পরিদর্শিত বিষয়সমূহ :

অদ্য উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তার কার্যালয়, সোনাগাজী, ফেনী ই-মনিটরিং করা হলো। উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা জানান যে, মহিলা প্রশিক্ষণ কেন্দ্রে বছরে ৪টি ব্যাচে সেলাই/ব্লক বাটিক ইত্যাদি প্রশিক্ষণ দেয়া হয়। প্রতি ব্যাচে ৩০ জন প্রশিক্ষণার্থী অংশগ্রহণ করে। প্রশিক্ষণার্থীদের দৈনিক ১০০/- টাকা হারে ভাতা দেয়া হয়। গত ২০২১-২২ অর্থবছরে ১২০ জনকে প্রশিক্ষণ দেয়া হয়েছে। ২০২২-২৩ অর্থ বছরে ১ম ব্যাচে ৩০ জনের প্রশিক্ষণ চলছে। চুক্তিবদ্ধ এনজিও কর্তৃক মা ও শিশু সহায়তা কর্মসূচির আওতায় সচেতনতা বৃদ্ধিমূলক প্রশিক্ষণ শুরু হয়েছে। এ কর্মসূচির আওতায় ১টি পৌরসভা এবং ৯টি ইউনিয়নে ২৫০ জন মা'কে মাসিক ৮০০ টাকা করে ৩ বছর মেয়াদে ভাতা প্রদান করা হয়। ভিজিডি কর্মসূচির আওতায় ২০২১-২২ চক্রে সোনাগাজী উপজেলায় ১০৫০ জন উপকারভোগীকে মাসিক ৩০কেজি হারে চাল বিতরণ করা হচ্ছে। ভিজিডি উপকারভোগী ১০৫০ জনের মধ্যে ৮০০ জনকে আইসিভিজিডি প্রকল্পের আওতায় উদ্যোক্ত হওয়ায় সহযোগিতা করা হবে। উপজেলায় নিবন্ধিত মহিলা সমিতি সমূহের মাধ্যমে ক্ষুদ্রঋণ কর্মসূচি পরিচালনা করা হচ্ছে। উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা যৌতুক, বাল্য বিবাহ, নারী নির্যাতন প্রতিরোধ, নারী ও শিশু পাচার রোধ, মাদক প্রতিরোধসহ স্কুলগামী কিশোর কিশোরীরা যাতে ইভ-টিজিং এর শিকার না হয় সে লক্ষ্যে নিয়মিত উঠান বৈঠক আয়োজন করেন।

মন্তব্য/সুপারিশ :

বিভাগীয় কার্যক্রমসহ সকল কার্যক্রম ই-নথি ও অনলাইনে করার সুপারিশ করা হলো।



(মোহাম্মদ শহীদুল্লাহ)

উপসচিব (উ: ১)

মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়